

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ও
রিটার্নিং অফিসার
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

নির্বাচন অগ্রাধিকার
অতীত জরুরী

নম্বর: - ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪. ১৪০

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ ও সাদুল্লাপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান, ডাইস-চেয়ারম্যান ও মহিলা-ডাইস চেয়ারম্যান পদে নির্বাচন উপলক্ষ্যে নির্বাচন কমিশন কর্তৃক গত ১৮ এপ্রিল ২০২৪ তারিখে সময়সূচির প্রজ্ঞাপন জারি করা হয়েছে। ঘোষিত প্রজ্ঞাপন অনুযায়ী আগামী ০২ মে ২০২৪ তারিখ বিকাল ৪:০০ টার মধ্যে মনোনয়নপত্র অনলাইনে দাখিল করতে হবে। অনলাইন ব্যতীত কোনভাবেই মনোনয়নপত্র দাখিল করা যাবে না। এজন্য কারিগরি ও পদ্ধতিগত সুবিধার্থে মনোনয়নপত্র দাখিলের শেষ দিনের অপেক্ষা না করে পূর্বেই অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য সম্ভাব্য প্রার্থীদের অনুরোধ জানানো যাচ্ছে।

২। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৫ এর উপ-বিধি (৫) অনুসারে নির্বাচনে অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীকে নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে (www.ecs.gov.bd) মনোনয়নপত্র দাখিল করতে হবে। অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিলের জন্য কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইটের সংশ্লিষ্ট লিংকে (পোর্টাল) (<https://onss.ecs.gov.bd>) প্রবেশ করে রেজিস্ট্রেশন করতে পারবেন। রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর পোর্টালে লগইন করে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করতে পারবেন। এক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে, যথা:-

(ক) অনলাইনে মনোনয়নপত্র পূরণ ও দাখিল করবার উদ্দেশ্যে কোন প্রার্থী বাংলাদেশ নির্বাচন কমিশনের পোর্টালের সংশ্লিষ্ট লিংকে প্রবেশ করে তার জাতীয় পরিচয়পত্র নম্বর, নির্বাচনের ধরন, নির্বাচনের নাম, পদের নাম, বিভাগ, জেলা, উপজেলা, জন্ম তারিখ, মোবাইল নম্বর ও ই-মেইল আইডি এন্ট্রি করে রেজিস্ট্রেশন করতে পারবেন; রেজিস্ট্রেশন সম্পন্ন হবার পর মোবাইল নম্বর বা ইমেইল এ ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাবে;


(খ) জাতীয় পরিচয়পত্রের বায়োমেট্রিক ফিচারে সংরক্ষিত মুখাবয়ব তথ্যের সাথে প্রার্থী, প্রত্যাবকারী ও সমর্থনকারীর চেহারা শনাক্তকরণ (facial recognition) করতে হবে;

(গ) দফা (ক) অনুসারে প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করবার পর প্রার্থী চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-১, ডাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-২, মহিলা ডাইস চেয়ারম্যান পদের জন্য মনোনয়নপত্র ফরম ক-৩ পাবেন;

(ঘ) কোন প্রার্থী পোর্টালে প্রবেশ করে পর্যায়ক্রমে মনোনয়ন, ব্যক্তিগত তথ্যাদি ও হলফনামা সংক্রান্ত তথ্যাদি এন্ট্রি করবেন এবং উপ-বিধি (৩) এর অধীন প্রয়োজনীয় কাগজপত্র (হলফনামা, আয়কর প্রদান সংক্রান্ত কাগজপত্র, প্রযোজ্য ক্ষেত্রে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন সংক্রান্ত প্রত্যয়নপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্র ইত্যাদি) স্ক্যান করে পোর্টেবল ডকুমেন্ট ফরমেট (PDF) আকারে সংযুক্ত করবেন;

(ঙ) প্রার্থী চালানোর মাধ্যমে অথবা পোর্টালে রক্ষিত অনলাইন পেমেন্ট মেথড ব্যবহার করে জামানত বাবদ নির্ধারিত অর্থ প্রদান করবার পর মনোনয়নপত্রটি দাখিল করবেন;

(চ) কোন ব্যক্তি একই নির্বাচনি এলাকার জন্য একাধিক পদে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন না।


১৮/০৪/২০২৪
(মোঃ মশিউর রহমান)

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

মোবাইল-০১৭৬২৬৯৫০৫৩

Email: admgaibandha@gmail.com

তারিখ: ১৮ দিন ০৪ মাস ২০২৪ বঙ্গাব্দ


চলমান পৃষ্ঠা-২

নম্বর: - ০৫.৫৫.৩২০০.০৪৪.২৫.০০৩.২৪. ৩৪০ (২০)

তারিখ : ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৮ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০২। মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা ও আপিল কর্তৃপক্ষ।
- ০৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৬। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ০৭। জেলা তথ্য অফিসার, গাইবান্ধা (তাকে গণবিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর, গাইবান্ধা ও সহকারী রিটার্নিং অফিসার (তাকে গণবিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ০৯। উপজেলা নির্বাচন অফিসার, সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর, গাইবান্ধা (তাকে গণবিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
- ১০। অফিসার ইনচার্জ, সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর থানা, গাইবান্ধা।
- ১১। সভাপতি/সম্পাদক, প্রেসক্রাব, গাইবান্ধা।
- ১২। সভাপতি/সম্পাদক, উপজেলা প্রেসক্রাব, সুন্দরগঞ্জ/সাদুল্লাপুর, গাইবান্ধা।


অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, গাইবান্ধা
ও
রিটার্নিং অফিসার
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪